সেনাকে নিয়ে রাজনীতি চান না সেনাপ্রধান

নয়াদিল্লি, ৬ ডিসেম্বর ঃ সেনাবাহিনীর রাজনীতিকরণ নিয়ে গভীর উদ্‌বেগ প্রকাশ করলেন সেনাপ্রধান জেনারেল বিপিন রাওয়াত। বুধবার তিনি বলেন, 'ধর্মনিরপেক্ষ পরিবেশে প্রতিরক্ষা বাহিনী সবথেকে ভালোভাবে কাজ করে। রাজনীতি থেকে যেকোনো মূল্যে সেনাবাহিনীকে দূরে রাখা উচিত। গণতন্ত্রের স্বার্থেই সেনাকে রাজনীতিমুক্ত রাখা জরুরি।' ইউনাইটেড সার্ভিস ইন্সটিটিউশনের এক অনুষ্ঠানে সেনাপ্রধান জানান, অতীতে প্রতিরক্ষা বাহিনীতে মহিলা এবং রাজনীতি নিয়ে কোনোরকম আলোচনা হত না। কিন্তু সময়ের অগ্রগতির সঙ্গে দেখা যাচ্ছে এই বিষয়গুলি সেনার অন্দরেও ঢুকে পড়েছে। এটা এড়িয়ে যাওয়াই ভালো। জেনারেল রাওয়াতের সাফ কথা, 'সেনার সঙ্গে সম্পর্কিত কোনো বিষয়ে যখনই রাজনীতির লোকজন মাথা ঘামাতে শুরু করে তখন গোটা বিষয়টি এড়িয়ে যাওয়া উচিত।'

টাইম ম্যাগাজিনের বিচারে বর্ষসেরা '# মি টু'

নিউ ইয়র্ক, ৬ ডিসেম্বর ঃ কোনো এক ব্যক্তি নন। টাইম ম্যাগাজিনের বিচারে পার্সন অফ দ্য ইয়ার হলেন '# মি টু' লিখে যৌন হেনস্তার প্রতিবাদ জানানো প্রত্যেক নারী। আজ এই ঘোষণা করেন ম্যাগাজিনের এডিটর–ইন–চিফ এডওয়ার্ড ফেলসেন্থল। তিনি বলেন, 'গত কয়েক দশকে এত দ্রুত কোনো আন্দোলনকে ছড়িয়ে পড়তে দেখিনি। ওই মহিলাদের এবং বেশ কিছু পুরুষের এই সাহসকে আমরা কুর্নিশ জানাচ্ছি।' '# মি টু'র মাধ্যমে নীরবতা ভঙ্গকারীকে সাইলেন্স ব্রেকার বলা হয়। আগামী শুক্রবার 'দ্য সাইলেন্স ব্রেকার'–কে বর্ষসেরার স্বীকৃতি দিয়ে টাইম ম্যাগাজিনের পরবর্তী সংস্করণ মুক্তি পাবে। ২০০৬–এ সমাজকর্মী তারানা বার্ক প্রথম এই প্রতিবাদ শুরু করেছিলেন। গত অক্টোবরে হলিউড অভিনেত্রী আলিশা মিলানো এই প্রতিবাদের ডাক দেন সোশ্যাল মিডিয়ায়। তারপরই বিশ্বজুড়ে অনেক মহিলা এই প্রতিবাদে যোগ দেন। বর্ষসেরার দৌড়ে ছিলেন উত্তর কোরিয়ার একনায়ক কিম জং উন, সৌদি আরবের মহম্মদ বিন সালমানের মতো ব্যক্তিত্বও। তবে সবাইকে পিছনে ফেলে সেরার খেতাব উঠল প্রতিবাদী নারীদের হাতেই।

দিল্লিতে একটি অনুষ্ঠানে মহিলাদের ঢোলবাদন। – পিটিআই

আজকের দিনটি

শ্রীদেবাচার্য্য
৯৪৩৪৩১৭৩৯১

মেষ ঃ কোনো স্বজনের দ্বারা অপমানিত হতে পারেন। ভ্রমণের পরিকল্পনায় জলপথ বাদ রাখুন। সংসারের সংকট কাটবে। **বৃষ ঃ** ঋণ করা থেকে বিরত থাকার চেষ্টা করুন। মায়ের স্বাস্থ্য নিয়ে সারাদিন উদ্‌বেগ। ইমারতি, বস্ত্র, রত্ন ব্যবসায় বাড়তি বরাতলাভ। **মিথুন ঃ** পরিবার নিয়ে বিদেশ ভ্রমণের উদ্যোগ। কর্মক্ষেত্রে কর্তাব্যক্তির সঙ্গে বিতর্কে জড়িয়ে সমস্যা। যেচে কাউকে উপদেশ দিতে যাবেন না। **কর্কট ঃ** পুরোনো কোনো সম্পর্ক জোড়া লাগতে পারে। সন্তানের জন্য উদ্‌বেগ বাড়বে। ক্রীড়াজগতের ব্যক্তিগণ নতুন সুযোগ পেতে পারেন। বিদ্যার্থীদের শুভ। **সিংহ ঃ** প্রেমের সঙ্গীকে অযথা অবিশ্বাস করতে পারেন। কোনো প্রতারকের পাল্লায় পড়ার আশঙ্কা। নতুন গৃহ ক্রয়ের সিদ্ধান্ত। **কন্যা ঃ** ব্যবসায় অর্থাগম চলবে। সংসারের ছোট্ট সদস্যটিকে নিয়ে উদ্‌বেগ কাটবে। পুরোনো কোনো সম্পদ কিনে লাভবান। বেকাররা সুযোগ পাবেন। **তুলা ঃ** দাম্পত্যে অশান্তির কারণ খুঁজে পাবেন। বিদেশ থেকে আসতে পারে উপহার। অবৈধ সম্পর্কের কারণে মনস্তাপ। **বৃশ্চিক ঃ** প্রেমে মান–অভিমান চলবে। সন্তানের শারীরিক সমস্যায় দুশ্চিন্তা। হঠাৎ কর্মক্ষেত্রের পরিবর্তনের সিদ্ধান্ত নিতে হতে পারে। **ধনু ঃ** প্রিয়জনের কারণে স্বার্থত্যাগ করে আনন্দলাভ। কেউ অহেতুক আজ উত্ত্যক্ত করতে পারে। মাথা ঠান্ডা রাখুন। কর্মক্ষেত্রে পদোন্নতির সংবাদ মিলবে। **মকর ঃ** অতি উদারতায় সমস্যা। গৃহ সংস্কারে বাধা আসতে পারে। নতুন ব্যবসার পরিকল্পনা গ্রহণ। সাধুসঙ্গে সময় কাটিয়ে তৃপ্তি। **কুম্ভ ঃ** সামান্য কারণে স্বজনের সঙ্গে তীব্র বিবাদে জড়িয়ে পড়ে মনঃকষ্ট। বিদ্যার্থীরা উচ্চশিক্ষার সুযোগ পেতে পারেন। **মীন ঃ** মায়ের রোগমুক্তিতে শান্তি। ব্যবসায় বাড়তি আয়। কর্মক্ষেত্রে সহকর্মীদের সহায়তায় জটিল কাজের সমাধান।

দিনপঞ্জি

গুপ্তপ্রেস ডাইরেক্টরি পঞ্জিকা মতে আজ বৃহস্পতিবার ইং ৭ ডিসেম্বর. ২০ অগ্রহায়ণ অ ২০ অঘোণ, মুং ১৭ রবিঃ আউঃ, ফঃ ৪ পৌষ সম্বৎ ৪ পৌষ বদি। বৃশ্চিক দং ৩।৫১।১৫ থেকে উদয় বৃষ ৩।২৯।২০ বিঃ গতে অস্ত। সূর্যোদয় ঘ ৬।৮।১ সূর্যাস্ত ঘ ৪।৪৭।২৭। চতুর্থী ঘ ১২।৫২।২৮। মৃগশিরানক্ষত্র প্রাতঃ ঘ ১৬।৫০।৮। অসুকযোগ রাত্রি ঘ ১০।১।৩৪। শকুনিকরণ ঘ ২।৫৪।৫৬ থেকে বালবকরকরণ রাত্রি ঘ ৩।৩১।১১ থেকে নাগকরণ। পূর্বদিনের রাশির চন্দ্রশুদ্ধ। পূর্বদিনের নক্ষত্রের ও রাত্রি ঘ ১২।১৫।১৬ থেকে ২।৪।৬।৭।৯।১১।১৩।১৫।১৬।১৮।২০।২২।২৪।২৫।২৭ নক্ষত্রের তারাশুদ্ধ। জন্মে–কর্কটরাশি বিপ্রবর্ণ মতান্তরে বৈশ্যবর্ণ দেবগণ অষ্টোত্তরী রবির ও বিংশোত্তরী মঙ্গলের দশা। মৃতে–দোষোনাস্তি। রাত্রিশেষ ঘ ৫।৭।১২ থেকে দোষোনাস্তি। নৈঋতে যোগিনী, রাত্রি ঘ ১০।৩৬।২২ গতে উত্তরে যোগিনী, ঘ ৭।১৩।৪৬ থেকে অগ্নিকোণে, রাত্রিশেষ ঘ ৪।৫৬।৩৭ থেকে নৈঋতে। কালবেলা ঘ ৭।১০।৩৪ থেকে ৮।৩৩।৪৫ সেঃ মধ্যে। বারবেলা ঘ ৩।২৬।৩৫ থেকে ৪।৪৮।২৩ সেঃ মধ্যে। কালরাত্রি ঘ ৯।৪৩।১৭ থেকে ১১।২০।৬ সেঃ মধ্যে। ঘ ৭।১৩।৪৬ সেঃ মধ্যে। ঘ ৭।১৩।৪৬ সেঃ মধ্যে বেগুন পরে পটল অভক্ষ্য, রাত্রিশেষ ঘ ৪।৫৬।৩৭ থেকে মূলা অভক্ষ্য। রাত্রিশেষ ঘ ৪।৪৬।৩৭ থেকে চন্দ্রদগ্ধা। যাত্রা নাস্তি ত্র্যহস্পর্শদোষ। শুভকর্ম–ঘ ৭।৩৯।৪০ থেকে মুখ্যনামকরণ নববস্ত্রপরিধান দেবতাগঠন ক্রয়বাণিজ্য বিপণ্যারম্ভ পুণ্যাহ রাজদর্শন নাট্যারম্ভ ঔষধকরণ ঔষধসেবন শান্তিস্বস্ত্যয়ন হলপ্রবাহ বীজবপন বৃক্ষাদিরোপণ ধান্যস্থাপন ঋণদান ঋণগ্রহণ ধান্যবৃদ্ধিদান শিল্পারম্ভ কারখানারম্ভ কুমারীনাসিকাবেধ কম্পিউটার নির্মাণ ও চালান। বিবিধ–চতুর্থীর একোদ্দিষ্ট ও সপিণ্ডন এবং পঞ্চমীর একোদ্দিষ্ট ও সপিণ্ডন। অমৃতযোগ–দিবা ঘ ৭।৩৩।১৬ সেঃ মধ্যে ও ঘ ৭।২৮।১৫ থেকে ২।৩৭।১০ সেঃ মধ্যে এবং রাত্রি ঘ ৫।৪০।৪৫ থেকে ৯।১০।১৬ সেঃ মধ্যে। মাহেন্দ্রযোগ–রাত্রি ঘ ৭।২৭।০ সঃ মধ্যে।

হাফিজের মুক্তি নিয়ে সাফাই পাকিস্তানের

ওয়াশিংটন, ৬ ডিসেম্বর ঃ পর্যাপ্ত প্রমাণ না থাকায় মুম্বই সন্ত্রাসের মূলচক্রী হাফিজ সঈদকে মুক্তি দিয়েছিল লাহোর হাইকোর্ট। হাফিজকে গৃহবন্দি রাখতে আরও তথ্যপ্রমাণ পেশের প্রয়োজন রয়েছে বলে মার্কিন সরকারকে জানিয়েছেন মার্কিন যুক্তরাষ্ট্রে নিযুক্ত পাক রাষ্ট্রদূত আইজাজ আহমেদ। গত ২৪ নভেম্বর হাফিজকে মুক্তি দেওয়া হয়। হাফিজের ব্যাপারে রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদের নির্দেশ অক্ষরে অক্ষরে পালন করছে পাক সরকার বলেও জানিয়েছেন তিনি। রাষ্ট্রসংঘের ওই নির্দেশে বলা হয়েছে, জঙ্গি হিসেবে আন্তর্জাতিক তালিকায় নথিভুক্ত ব্যক্তি কোনো তহবিল গঠন করতে পারবে না, সঙ্গে রাখতে পারবে না কোনো অস্ত্র। তার গতিবিধিও হবে নিয়ন্ত্রিত। হাফিজের ক্ষেত্রে এসমস্ত মেনে চলা হয়। লাহোর হাইকোর্ট মুক্তি দেওয়ার কয়েকদিন পর ফের হাফিজকে গ্রেফতার করেছিল পাক পুলিশ।

পাক–আফগান সীমান্তে বিস্ফোরণ, হত ৯

পেশোয়ার, ৬ ডিসেম্বর ঃ আফগানিস্তান সীমান্ত ঘেঁষা উত্তর–পশ্চিম পাকিস্তানে এক বিস্ফোরণে প্রাণ হারালেন ৯ জন। মঙ্গলবার গভীর রাতে উত্তর ওয়াজিরিস্তানের মির আলি শহরে একটি সেনা গাড়ি চলে যাওয়ার পরই ওই বিস্ফোরণটি হয়। একটি মোটর সাইকেলে বোমাটি ছিল। রিমোট কনট্রোলের মাধ্যমে ওই বিস্ফোরণটি ঘটানো হয়। পেশোয়ারের পুলিশ আধিকারিক তাহির খান বলেন, ওয়াজিরিস্তানে ফের রক্ত ঝরতে শুরু করেছে। এই হামলার পিছনে পাক তালিবান জঙ্গিদের হাত রয়েছে বলে মনে করা হচ্ছে। গত শুক্রবার পেশোয়ারের একটি কলেজে হামলা চালায় তালিবান জঙ্গিরা।

টেরেসাকে খুনের চেষ্টা ব্যর্থ

লন্ডন, ৬ ডিসেম্বর ঃ ব্রিটেনের প্রধানমন্ত্রী টেরেসা মে–কে হত্যার চক্রান্ত ব্যর্থ করে দিয়েছে ব্রিটিশ পুলিশ। শক্তিশালী বিস্ফোরক দিয়ে প্রধানমন্ত্রীর ডাউনিং স্ট্রিটের বাড়িতে আঘাত হানার ছক কষেছিল আততায়ীরা বলে পুলিশের দাবি। ব্যাগের মধ্যেই বিস্ফোরক আনা হয়েছিল। এ বিষয়ে সন্দেহভাজন দুজনকে প্রথমে আটক করা হয়। পরে তাদের গ্রেফতার করে ব্রিটিশ পুলিশ। বুধবারই তাদের আদালতে তোলা হচ্ছে। প্রধানমন্ত্রীর এক মুখপাত্র জানিয়েছেন, গত এক বছরে ব্রিটিশ প্রধানমন্ত্রীর প্রাণনাশের জন্য নয়বার চেষ্টা চালিয়েছে আততায়ীরা। স্কটল্যান্ড ইয়ার্ড, এম ১৫ ও ওয়েস্ট মিডল্যান্ডস পুলিশের তৎপরতায় তা ব্যর্থ হয়ে গিয়েছে।

গড়চিরোলিতে ৭ মাওবাদী খতম

রায়পুর, ৬ ডিসেম্বর ঃ মহারাষ্ট্রের গড়চিরোলিতে মাওবাদীদের সঙ্গে পুলিশের সংঘর্ষে পাঁচ মহিলা সহ সাত মাওবাদীর মৃত্যু হয়েছে। উদ্ধার হয়েছে বেশকিছু অস্ত্র। ঘটনাটি ঘটে বুধবার সকাল সাতটা নাগাদ। পুলিশ জানিয়েছে, গড়চিরোলি জেলার কাল্লেদ গ্রামের জঙ্গলে মহারাষ্ট্র পুলিশের সি–৬০ কমান্ডোদের সঙ্গেই লড়াই হয়েছে মাওবাদীদের। জঙ্গলে অভিযান চালাতে কমান্ডো বাহিনী গোটা এলাকা ঘিরে ফেলে। সংঘর্ষের পরও চিরুনি তল্লাশি অব্যাহত রয়েছে বলে জানিয়েছে পুলিশ।



ভারতীয় জ্যোতিষীকে নিয়ে ফাঁপরে পাকিস্তান

ইসলামাবাদ, ৬ ডিসেম্বর ঃ এক ভারতীয় জ্যোতিষী ভাবিয়ে তুলেছে পাকিস্তানের প্রশাসনকে। কারণ, পাকিস্তানে সন্ত্রাস হামলা নিয়ে ওই জ্যোতিষী যা বলেছেন তা মিলে গিয়েছে। পাক নেতৃত্বের সন্দেহ, ওই জ্যোতিষীর সঙ্গে ভারতীয় গোয়েন্দা দপ্তরের যোগসাজশ রয়েছে। পাকিস্তানের মাটিতে সাম্প্রতিক জঙ্গি হামলার দায়ও তারা ভারতের ঘাড়েই চাপিয়ে দিয়েছে।

স্বঘোষিত ওই জ্যোতিষীর নাম অনিরুদ্ধকুমার মিশ্র। গত ১৩ অক্টোবর তিনি তাঁর টুইটার হ্যান্ডেলে নভেম্বরে পাকিস্তানে জঙ্গি হামলা হবে বলে ভবিষ্যদ্‌বাণী করেন। জ্যোতিষীর এই জ্যোতিষীয় পূর্বাভাস প্রায় মিলে যায়। এরপর অনিরুদ্ধর পোস্ট, 'ফেব্রুয়ারির মধ্যে পাকিস্তানে আরও অন্তত পাঁচটি জঙ্গি হামলা হবে।' ইতিমধ্যে, গত ১ ডিসেম্বর পেশোয়ারের একটি কৃষি প্রশিক্ষণ কেন্দ্রে বোরখা পরা এক জঙ্গি আত্মঘাতী হামলা চালায়। ওই ঘটনায় মৃত্যু হয় ১৩ জনের। আহত হন জনা তিরিশেক। এর পর নিজের টুইট উল্লেখ করে জ্যোতিষী অনিরুদ্ধ দাবি করেন, তিনি ওই জঙ্গি হামলার পূর্বাভাস দিয়েছিলেন। সেই টুইট প্রথমে নজরে পড়ে পাক সংবাদমাধ্যমের। তারা রিটুইট করে। এর পরই অনিরুদ্ধের সন্ধানে খোঁজ খোঁজ রব পড়ে যায় পাক সরকারের অন্দরে। পাক সেনেটের অন্যতম সদস্য এ রেহমান মালিক বিষয়টি পাক গোয়েন্দা দপ্তরকে জানান। তাঁর সন্দেহ ভারতীয় ওই জ্যোতিষীর সঙ্গে নিশ্চিতভাবে যোগসাজশ রয়েছে ভারতীয় গোয়েন্দা সংস্থা র–এর। বস্তুত, ভারতীয় জ্যোতিষীদের ভয় পাচ্ছেন আবার বিশ্বাসও করছে পাক নেতৃত্ব। কিছুদিন আগে কেরলের একটি 'অতীন্দ্রিয় গবেষণা সংস্থা' পাকিস্তানে ভূমিকম্প হবে বলে ভবিষ্যদ্‌বাণী করেছিল। সেই ভবিষ্যদ্‌বাণীটির ভিত্তিতে ভূমিকম্পের পূর্বাভাস দিয়েছিল পাক গোয়েন্দা দপ্তর। যদিও সেই পূর্বাভাসটি ভুল ছিল।

কোহলির কাছে হার মোদির

নয়াদিল্লি, ৬ ডিসেম্বর ঃ ভারতে টুইটারে সবচেয়ে বেশি মানুষ যাকে ফলো করেন তিনি ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। অথচ তাঁকেই ফলোয়ার বৃদ্ধির হারে পিছনে ফেলে দিলেন ভারতের ক্রিকেট অধিনায়ক বিরাট কোহলি। ২০১৭ সালের যে রিপোর্ট পেশ করা হয়েছে তাতে দেখা যাচ্ছে, ভারতের প্রধানমন্ত্রীর ফলোয়ার বৃদ্ধি পেয়েছে ৫২ শতাংশ। অন্যদিকে, কোহলির ফলোয়ার বৃদ্ধির হার ৬২ শতাংশ। এই বছর তাঁর ফলোয়ার সংখ্যা ২০.৮ মিলিয়ন। পিছিয়ে নেই মাস্টার ব্লাস্টার্সও। তাঁর ফলোয়ার বৃদ্ধির হার ৫৬ শতাংশ। এই তালিকার প্রথম দশে নাম রয়েছে অমিতাভ বচ্চন, শাহরুখ খান সহ বেশ কিছু বলিউড সেলেব্রিটিরও। প্রকাশিত তথ্য অনুযায়ী, চ্যাম্পিয়ন্স ট্রফিতে ভারত–পাক ফাইনাল ম্যাচ নিয়ে সবচেয়ে বেশি ১.৮ মিলিয়ন টুইট হয়েছে।

দীপা, বিশালের মনোনয়নপত্র বাতিল

চেন্নাই, ৬ ডিসেম্বর ঃ আরকে নগর বিধানসভা উপনির্বাচনে অভিনেতা বিশাল কৃষ্ণাণ এবং প্রয়াত মুখ্যমন্ত্রী জয়ললিতার ভাইঝি দীপা জয়কুমারের মনোনয়নপত্র বাতিল হয়ে গেল। কাগজপত্রে তথ্যের ত্রুটির জন্য দুই তারকা প্রার্থীর মনোনয়ন বাতিল করে দেয় নির্বাচন কমিশন। ২১ ডিসেম্বর উপনির্বাচন অনুষ্ঠিত হবে। এই কেন্দ্রে ডিএমকের প্রার্থী হয়েছেন এন মারলু গণেশ, এআইএডিএমকের প্রার্থী মধুসূদন এবং বিজেপির কার নাগরাজন। লড়াইতে নেমেছেন বহিষ্কৃত এআইএডিএমকে নেতা টিটি ভি দীনাকরণও। ডিএমকে প্রার্থীকে সমর্থন করে প্রার্থী দেয়নি কংগ্রেস, এমডিএমকে , সিপিআই, সিপিএম এবং ডিসিকে।

জেরুজালেমে দূতাবাস গড়তে চায় আমেরিকা, উদ্‌বিগ্ন প্যালেস্তাইন

ওয়াশিংটন, ৬ ডিসেম্বর ঃ জেরুজালেমকে ইজরায়েলের রাজধানী হিসেবে স্বীকৃতি দিতে চাইছে আমেরিকা। বিতর্কিত শহরে মার্কিন দূতাবাস তৈরি করতে চান ডোনাল্ড ট্রাম্প। প্যালেস্তাইনের প্রেসিডেন্ট মেহমুদ আব্বাসকে একথা নিজেই বলেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। বুধবার এমনই দাবি করেছে প্যালেস্তাইন।

বুধবার আব্বাসের দপ্তর থেকে এক বিবৃতিতে জানানো হয়েছে, 'প্যালেস্তাইনের প্রেসিডেন্ট মার্কিন রাষ্ট্রপ্রধানের কাছে জেরুজালেম সম্পর্কে তাঁর অবস্থান জানতে চেয়েছিলেন। ট্রাম্প বলেছেন, তেল আভিভ থেকে তিনি দূতাবাস সরিয়ে নেওয়ার পরিকল্পনা করেছেন। আমেরিকা জেরুজালেমে দূতাবাস তৈরি করতে চাইছে। যদিও কবে এই স্থানান্তর হবে সেবিষয়ে কিছু বলেননি মার্কিন প্রেসিডেন্ট।' আব্বাসের ব্যক্তিগত পরামর্শদাতা নবিল শাহাতের বক্তব্য, 'ট্রাম্পের সামনে সৎ মধ্যস্থতাকারী হওয়ার সুযোগ ছিল। কিন্তু তিনি সেই সুযোগ কাজে লাগাতে ব্যর্থ হয়েছেন।' প্যালেস্তাইন সরকারের এক মুখপাত্রের দাবি, 'জর্ডনের রাজা আবদুল্লাকেও ফোনে একই কথা জানিয়েছেন ট্রাম্প।' জেরুজালেমে দূতাবাস সরানোর তীব্র প্রতিবাদ জানিয়েছে আরব দেশগুলি। সিরিয়া, ইরাক, ইয়েমেন, কাতার, লেবানন, তুরস্ক, সৌদি আরব ও ইরানের বক্তব্য, তেল আভিভ থেকে দূতাবাস জেরুজালেমে নিয়ে যেতে চাওয়ার অর্থই হল শহরটিকে ইজরায়েলের রাজধানী হিসেবে স্বীকার করে নেওয়া। আরব বিশ্ব এই সিদ্ধান্তের সঙ্গে কোনোদিন একমত হবে না। আরব লিগের প্রধান আহমেদ আবুল ঘেইত জানান, 'আমেরিকার সিদ্ধান্ত মধ্যপ্রাচ্যে নতুন করে অশান্তি তৈরি করবে।' তুরস্কের প্রেসিডেন্ট তায়েপ এর্দোগান সরাসরি ট্রাম্পকে হুঁশিয়ারি দিয়ে বলেছেন, 'জেরুজালেম মুসলিমদের কাছে স্পর্শকাতর বিষয়। জেরুজালেমকে ইজরায়েলের রাজধানীর স্বীকৃতি দিলে তার ফল মারাত্মক হবে।' হোয়াইট হাউসের এক মুখপাত্র সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বলেছেন, 'সরকারিভাবে দূতাবাস সরানোর প্রক্রিয়া এখনও শুরু করেনি আমেরিকা। মার্কিন প্রেসিডেন্টই এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেবেন।'

জেরুজালেম বিতর্ক নিয়ে উদ্‌বেগ প্রকাশ করেছে ইউরোপীয় ইউনিয়নও। রাষ্ট্র জোটের তরফে জানানো হয়েছে, কয়েকদিনের মধ্যেই ব্রাসেলসে মার্কিন বিদেশসচিব রেক্স টিলারসনের সঙ্গে আলোচনায় বসবেন ইউরোপীয় ইউনিয়নের প্রতিনিধিরা। জেরুজালেম নিয়ে দুটি দেশ দাবি জানিয়েছে। আলোচনার মাধ্যমেই কোনো সমাধান সূত্রের খোঁজ করা প্রয়োজন। দীর্ঘদিন ধরে পুরো জেরুজালেমকেই নিজেদের রাজধানী হিসেবে দাবি করছে ইজরায়েল। অন্যদিকে, প্যালেস্তিনীয়রা শহরের পূর্ব অংশকে তাঁদের রাজধানী হিসেবে গড়ে তুলতে চাইছে। ইজরায়েলকে সমর্থন করলেও গত ৭০ বছর ধরে আমেরিকা দু–পক্ষের সঙ্গে আলোচনা করে সমস্যা মিটিয়ে নেওয়ার কথা বলেছে। তবে মার্কিন প্রেসিডেন্ট নির্বাচনের সময় জেরুজালেমকে ইজরায়েলের রাজধানী হিসেবে স্বীকার করে নেওয়ার প্রতিশ্রুতি দিয়েছিলেন ডোনাল্ড ট্রাম্প।

দ্বিতীয় মোদি

ওয়াশিংটন, ৬ ডিসেম্বর ঃ অনুগামীর সংখ্যার বিচারে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের ঠিক পিছনেই রয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। ভারতীয় প্রধানমন্ত্রীর ফলোয়ারের সংখ্যা প্রায় ৩ কোটি ৭৫ লক্ষ। এবার বিশ্বের রাষ্ট্রনেতাদের মধ্যে সবচেয়ে বেশি আলোচিত রাজনৈতিক ব্যক্তিদের তালিকাতেও জায়গা করে নিলেন মোদি। টুইটারের তরফে জানানো হয়েছে, প্রথম দশ জন সবচেয়ে বেশি আলোচিত রাষ্ট্রনেতাদের মধ্যে প্রথম মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প, দ্বিতীয় ভারতের প্রধানমন্ত্রী। নরেন্দ্র মোদির পিছনে রয়েছে ব্রিটিশ প্রধানমন্ত্রী থেরেসা মে, ইন্দোনেশিয়ার প্রেসিডেন্ট জোকো উইডোডোর মতো নেতানেত্রীরা।

কুকুরদের জন্য হোটেল

গুরুগ্রাম, ৬ ডিসেম্বর ঃ শুধুমাত্র পোষ্য কুকুরদের জন্যই আস্ত একটা হোটেল চালু হল গুরুগ্রামে। শুধু ভারতে নয়, দক্ষিণ এশিয়াতে এরকম হোটেল এই প্রথম। সেখানে কুকুরদের জন্য থাকছে নরম বিছানা, স্পা, সুইমিং পুল, টেলিভিশন। থাকবে নানান পদের খাবার–ভাত, মাংস, আইসক্রিম, কেক অ্যালকোহলবিহীন বিয়ার ইত্যাদি। এই দেদার আয়োজনের জন্য প্রতিদিন খরচা করতে হবে ৭০ মার্কিন ডলার। সব থেকে দামি ঘরে থাকবে ব্যালকনিও। এই হোটেলের জন্য সাড়াও মিলছে বলে জানিয়েছে হোটেল কর্তৃপক্ষ। পোষ্যদের নিয়ে এই হোটেলে আসছেন অনেকেই।

আয়ুর্বেদ চিকিৎসকদের প্রশিক্ষণ দেবে রাজ্য

নিজস্ব প্রতিনিধি, নয়াদিল্লি, ৬ ডিসেম্বর ঃ রাজ্য সরকার আয়ুর্বেদে স্নাতক চিকিৎসকদের (বিএএমএস) প্রশিক্ষণ দেবে। যাতে তাঁরা প্রয়োজনে অ্যালোপ্যাথি ওষুধ দিতে পারেন। তবে এর জন্য তাঁদের কিছু নির্দিষ্ট সীমা বেঁধে দেওয়া হবে বলে স্বাস্থ্য দপ্তর সূত্রে জানা যায়। আগামী ১১ ডিসেম্বর থেকে কলকাতা সহ রাজ্যের ১০টি মেডিকেল কলেজে এই প্রশিক্ষণ দেওয়ার কাজ শুরু হবে। রাজ্যে ২০০০ আয়ুর্বেদ চিকিৎসক আছেন। তাঁদের মধ্যে প্রায় ১৩০০ জন এই প্রশিক্ষণ নেওয়ার জন্য আবেদন করেছেন। স্বাস্থ্য দপ্তর সূত্রে আরও প্রকাশ, রাজ্য সরকার আয়ুষ চিকিৎসাকে গুরুত্ব দিতে চায়। প্রসঙ্গত গ্রামাঞ্চল সহ রাজ্যে চিকিৎসকের অভাবে জেরবার রাজ্য সরকার। বর্তমান আমলে জেলাগুলি সহ বহু সুপার স্পেশালিটি হাসপাতাল হলেও পর্যাপ্ত চিকিৎসক, নার্সের অভাব আছে।

শুভান্ন প্রসঙ্গ ঃ নবান্নের পর রাজ্য সরকারের বহু কার্যালয়ের গন্তব্য হতে চলেছে এবার সল্টলেকের শুভান্ন। নবনির্মিত এই ভবনে আগামী ১১ ডিসেম্বর থেকে কলকাতা পে অ্যান্ড অ্যাকাউন্ট দপ্তর স্থানান্তরিত হবে বলে সরকারি সূত্রে জানা যায়।

ফিকি–র বৈঠকে মোদি

নয়াদিল্লি, ৬ ডিসেম্বর ঃ বণিকসভা ফিকি–র ৯০তম বার্ষিক সাধারণ সভার উদ্‌বোধন করবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। ১৩ ডিসেম্বর ওই সভায় বক্তব্যও রাখবেন তিনি। বণিকসভার তরফে জানানো হয়েছে, অর্থনৈতিক বৃদ্ধির হার ঊর্ধ্বমুখী হওয়ার ইঙ্গিত মিলেছে। এই প্রেক্ষিতে, দেশের শিল্প মহলকে প্রধানমন্ত্রী কী বার্তা দেন, সেদিকেই সকলে তাকিয়ে আছেন। ভারতে বাণিজ্যিক পরিস্থিতি আরও শক্তিশালী করতে ফিকি–র বার্ষিক সভায় নতুন কিছু ঘোষণা করতে পারেন বলেও আশা করা হচ্ছে। কারণ, এই প্রথম ফিকি–র সভায় আসছেন প্রধানমন্ত্রী। তাঁর পাশাপাশি, দু'দিনের সভায় বক্তব্য রাখবেন কেন্দ্রীয় অর্থমন্ত্রী অরুণ জেটলিও।

ভারত-চিন-রাশিয়া ত্রিপাক্ষিক বৈঠক

নয়াদিল্লি, ৬ ডিসেম্বর ঃ ডোকালাম ইশ্যুতে অচলাবস্থা কাটার পর এই প্রথম ভারত, চিন ও রাশিয়ার বিদেশমন্ত্রীদের ত্রিপাক্ষিক বৈঠক হতে চলেছে দিল্লিতে। বৈঠক আগামী ১১ ডিসেম্বর। সূত্রের খবর, পারস্পরিক স্বার্থসমন্বিত বিভিন্ন আন্তর্জাতিক ও আঞ্চলিক ইশ্যু নিয়ে মতবিনিময় করবেন বিদেশমন্ত্রী সুষমা স্বরাজ, চিন ও রাশিয়ার দুই বিদেশমন্ত্রী যথাক্রমে ওয়াং ও সের্গেই লাভরভ।

বাড়িয়েছি হাত

উত্তরবঙ্গ সংবাদের ব্যবসায়িক সঙ্গী হয়ে অনেকেই জীবনে প্রতিষ্ঠিত। এবার আপনার দিকেও বাড়িয়েছি হাত সেই সুযোগ গ্রহণের, উত্তরবঙ্গ সংবাদ পরিবারের সদস্য হওয়ার।

কাজটা কী ঃ বিভিন্ন ব্যক্তি, প্রতিষ্ঠান, তাদের কথা প্রচারের জন্য বিজ্ঞাপন দিতে চায়। আপনার দায়িত্ব হল সেই বিজ্ঞাপন সংগ্রহ করা। এছাড়া উত্তরবঙ্গ সংবাদে বিজ্ঞাপন দেওয়া কেন ভালো, সেটা সম্ভাব্য বিজ্ঞাপনদাতাদের বোঝানো, যাতে সবাই আকৃষ্ট হয়।

কী প্রয়োজন ঃ নিজ শহর/গঞ্জের কেন্দ্রস্থলে প্রধান সড়কের ওপর দোকানঘর/অফিস। সমাজের সর্বস্তরের মানুষের সঙ্গে সুসম্পর্ক বজায় রাখার ক্ষমতা, কিছুটা অর্থবল এবং সবচেয়ে বড়ো কথা–উত্তরবঙ্গ সংবাদের মতো একটি ব্র্যান্ডের সঙ্গে বাড়ার ঐকান্তিক ইচ্ছা।

কী করতে হবে ঃ আগ্রহী ব্যক্তিরা নিজেদের নাম, ঠিকানা, যোগাযোগের ফোন নম্বর, বয়স, বর্তমান পেশা, পাশপোর্ট সাইজ ছবি, ভোটার কার্ড/আধার কার্ড, কেন নিজেকে উপযুক্ত মনে করছেন তা জানিয়ে আবেদন করুন নিম্নলিখিত ঠিকানায়।

খামের উপর লিখবেন '**বিজ্ঞাপন গ্রহণকেন্দ্রের জন্য আবেদনপত্র**'।

উত্তরবঙ্গের আত্মার আত্মীয়
উত্তরবঙ্গ সংবাদ

আবেদনপত্র পাঠান এই ঠিকানায়
বিজ্ঞাপন ম্যানেজার, উত্তরবঙ্গ সংবাদ
সুহাসচন্দ্র তালুকদার সরণি, বাগরাকোট
সুভাষপল্লি, শিলিগুড়ি-৭৩৪০০১
uttarbanga.agency@gmail.com

বিজ্ঞাপন গ্রহণকেন্দ্র খোলা হবে যেখানে

- কালিয়াচক • মথুরাপুর • গাজোল
- চাঁচল • হরিরামপুর • হরিশ্চন্দ্রপুর
- তপন • বুনিয়াদপুর • গঙ্গারামপুর
- কুমারগঞ্জ • হিলি • কালিয়াগঞ্জ
- হেমতাবাদ • কর্ণজোড়া • রায়গঞ্জ
- ইটাহার • দেওয়ানহাট • ভেটাগুড়ি
- চৌধুরিহাট • গিতালদহ • গোঁসাইরহাট
- গোলকগঞ্জ • জামালদা • চ্যাংরাবান্ধা
- মেখলিগঞ্জ • পুণ্ডিবাড়ি • ঘোকসাডাঙ্গা
- প্রেমেরডাঙ্গা • বাণেশ্বর • বোকালিরমঠ
- শালবাড়ি • ফালাকাটা • জটেশ্বর
- শালকুমার • পলাশবাড়ি/শিলবাড়িহাট
- সোনাপুর • কুমারগ্রাম • বারোবিশা
- বিন্নাগুড়ি • রাঙ্গালিবাজনা • বীরপাড়া
- মাদারিহাট • হাসিমারা • জয়গাঁ
- হ্যামিল্টনগঞ্জ • কালচিনি • ক্রান্তি
- নাথুয়া • লাটাগুড়ি • ময়নাগুড়ি
- ধূপগুড়ি • ভুটকিরহাট • বেলাকোবা
- আমবাড়ি • টুঙ্গিদিঘি • করণদিঘি
- ডালখোলা • ইসলামপুর • কিশনগঞ্জ
- পাঞ্জিপাড়া • মাটিকুণ্ডা • রানিডাঙ্গা
- খড়িবাড়ি • ফুলবাড়ি (শিলিগুড়ি)
- সুকনা • শালুগাড়া ও মালবাজার।